# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৩০৯

৩৯/ সংসারের প্রতি অনাসক্তি (كتاب الزهد عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ আমলের বিষয়ে প্রতিযোগী হয়ে এগিয়ে যাওয়া।

## باب مَا جَاءَ فِي الْمُبَادَرَةِ بِالْعَمَلِ

আরবী

حَدَّثَنَا أَبُو مُصْعَبٍ الْمَدَنِيُّ، عَنْ مُحَرَّرِ بْنِ هَارُونَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ الأَعْرَجِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ ‏"‏ بَادِرُوا بِالأَعْمَالِ سَبْعًا هَلْ تَنْظُرُونَ إِلاَّ فَقْرًا مُنْسِيًا أَوْ غِنًى مُطْغِيًا أَوْ مَرَضًا مُفْسِدًا أَوْ هَرَمًا مُفَنِّدًا أَوْ مَوْتًا مُجْهِزًا أَوِ الدَّجَّالَ فَشَرٌّ غَائِبٍ يُنْتَظَرُ أَوِ السَّاعَةَ فَالسَّاعَةُ أَدْهَى وَأَمَرُّ ‏"‏ ‏.‏ قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ مِنْ حَدِيثِ الأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ إِلاَّ مِنْ حَدِيثِ مُحَرَّرِ بْنِ هَارُونَ وَقَدْ رَوَى بِشْرُ بْنُ عُمَرَ وَغَيْرُهُ عَنْ مُحَرَّرِ بْنِ هَارُونَ هَذَا ‏.‏ وَقَدْ رَوَى مَعْمَرٌ هَذَا الْحَدِيثَ عَمَّنْ سَمِعَ سَعِيدًا الْمَقْبُرِيَّ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَهُ ‏.‏ وَقَالَ تَنْتَظِرُونَ ‏.‏

বাংলা

২৩০৯. আবূ মুসআব (রহঃ) ..... আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূলুলাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনেঃ সাতটি বিষয়ে আমলর প্রতিযোগীতায় এগিয় থাকতে যত্নবান হও। তোমরা কি অপেক্ষায় আছ এমন দারিদ্রের যা আল্লাহকে ভুলিয়ে দেয় বা এমন ধনাঢ্য হওয়ার যা আল্লাহ নাফরমানীতে লিপ্ত করে বা এমন রোগের যা স্বাস্থ্য বিনষ্ট করে দেয় বা এমন বার্ধক্যের যা একজনকে নিঃশেষ করে দেয় বা এমন মৃত্যুর যা হঠাৎ করে আপতিত হয় না দাজ্জালের? অদৃশ্য অমঙ্গলের অপেক্ষা করা হচ্ছে না কিয়ামতের? কিয়ামত তো আরো ভীষণ, আরো তিক্ত। যঈফ, যঈফা ১৬৬৬, তিরমিজী হাদিস নম্বরঃ ২৩০৬ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-গারীব। মুহরিয ইবন হারূনের বরাত ছাড়া আ’রাজ-আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণিত রিওয়ায়াত হিসাবে এটি সম্পর্কে আমাদের কিছু জানা নেই। মা’মার (রহঃ) এ হাদীসটিকে যিনি সাঈদ আল-মাকবুরীর নিকট থেকে শুনেছেন তিনি-আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরূপ বর্ণনা করেছেন।

## English

Abu Hurairah, may Allah be pleased with him, narrated that the Messenger of Allah (s.a.w) said:
"Race to do works against seven. Are you waiting but for overwhelming poverty, or distracting richness, or debilitating illness, or babbling senility, or sudden death, or the Dajjal, so that hidden evil is what is awaited, or the Hour? The Hour is more calamitous and more bitter."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37663

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন